বোর্ড ও জনসংযোগ বিভাগ
মোংলা বন্দর কর্তৃপক্ষ
ওয়েব সাইট: www.mpa.gov.bd

# "সংবাদ বিজ্ঞপ্তি"

## "মোংলা বন্দর কর্তৃপক্ষের চেয়ারম্যান রিয়ার এডমিরাল মোহাম্মদ মুসা কে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম বিশ্ববিদ্যালয়ের উপাচার্য হিসেবে নিয়োগ"

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটিতে নতুন উপাচার্য হিসেবে নিয়োগ পেয়েছেন মোংলা পোর্টের বর্তমান চেয়ারম্যান রিয়ার এডমিরাল মোহাম্মদ মুসা, ওএসপি, এনপিপি, আরসিডিএস, এএফডব্লিউসি, পিএসসি, পিএইচডি, তিনি বর্তমান উপাচার্য রিয়ার এডমিরাল (অবঃ) এম খালেদ ইকবাল এর স্থলাভিষিক্ত হবেন। রিয়ার এডমিরাল মোহাম্মদ মুসা ২৬ জানুয়ারি ১৯৮৫ সালে বাংলাদেশ নেভাল একাডেমিতে যোগদান করেন। অত্যন্ত দক্ষতা এবং সফলতার সাথে নৌবাহিনীর ৬টি যুদ্ধ জাহাজে অধিনায়ক হিসেবে দায়িত্ব পালন করেছেন যার মধ্যে অন্তর্ভুক্ত প্যাট্রল ক্রাফ্ট অফশোর, প্যাট্রল ভেসেল এবং সর্বাধুনিক যুদ্ধ জাহাজ বিএনএস বঙ্গবন্ধু। বা নৌ জা বঙ্গবন্ধু বাংলাদেশ নৌবাহিনীর প্রথম যুদ্ধজাহাজ যা তার অধিনায়কত্বে মাননীয় প্রধানমন্ত্রীর নিকট হতে ন্যাশনাল স্ট্যান্ডার্ড বা জাতীয় পতাকা লাভ করেন ২০১৩ সালে। তিনি নৌ সদরদপ্তরে পরিকল্পনা, সাবমেরিন, নেভাল এভিয়েশন এবং সিগন্যালসহ ৪টি পরিদপ্তরের পরিচালকের দায়িত্ব একই সাথে সফলভাবে পালন করেছেন। তিনি চট্রগ্রামে অবস্থিত নৌবাহিনীর সবচেয়ে বড় নৌঘাঁটি বা নৌ জা ঈসা খাঁর অধিনায়কের দায়িত্ব অত্যন্ত সফলতার সাথে পালন করেছেন। খুলনা আঞ্চলিক নৌ কমান্ডের দায়িত্ব পালনকালে মহামান্য রাষ্ট্রপতির নিকট থেকে জাতীয় পতাকা অর্জন করেন।

তিনি গণচীন থেকে ক্ষেপনাস্ত্রের উপর প্রশিক্ষণ, ফ্রান্স থেকে নেভাল স্টাফ কোর্স, যুক্তরাজ্য থেকে রয়েল কলেজ অব ডিফেন্স স্টাডিজ (RCDS), যুক্তরাষ্ট্রের কেলিফোর্নিয়ায় Executive Decision Making Course সম্পন্ন করেছেন। আফ্রিকার আইভোরিকোস্ট ও জাতিসংঘের পর্যবেক্ষক হিসেবে দায়িত্ব পালন করেছেন এবং ফোর্স কমান্ডারের প্রশংসাপত্র লাভ করেন। তিনি তার অসামান্য সাফল্য ও অবদানের জন্য মাননীয় নৌবাহিনী প্রধানের কাছ থেকে ৩ বার প্রশংসাপত্র লাভ করেছেন। নৌবাহিনী ও সামরিক বাহিনীর বিভিন্ন সময়ে গুরুত্বপূর্ণ প্রবন্ধ, আদেশ ও পুস্তাকাদি রচনা করেছেন। অত্যন্ত কর্ম ব্যস্ততার মধ্যেও সম্প্রতি তিনি জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় থেকে আন্তর্জাতিক সম্পর্ক বিভাগে মেরিটাইম ডোমেন এ্যাওয়ারনেস: বাংলাদেশ প্রেক্ষাপট বিষয়ে পিএইচডি ডিগ্রি অর্জন করেন।

নৌবাহিনীতে অসামান্য অবদানের জন্য রিয়ার এডমিরাল মোহাম্মদ মুসা 'অসামান্য সেবা পদক' ও বিশেষ পারদর্শীতার জন্য 'নৌ পারদর্শীতা পদক' লাভ করেন। তিনি জাতীয় শুদ্ধাচার ২০১৯ পদকও লাভ করেন। মুক্তিযুদ্ধের চেতনায় বিশ্বাসী মাননীয় চেয়ারম্যান, মুক্তিযুদ্ধ এবং মুক্তিযোদ্ধাদের অবদানকে চির স্মরনীয় রাখতে মোংলা বন্দরে স্থাপন করেছেন স্বাধীনতা চত্বর যা গত ১৬ ডিসেম্বর ২০২২ বিজয় দিবসে মুক্তিযোদ্ধাদের নিয়ে উদ্বোধন করেন । এছাড়াও ঐ একই দিনে তিনি ৪০ জন মুক্তিযোদ্ধাকে বিশেষ সম্মাননা এবং আর্থিক সহায়তা প্রদান করেন।

**রিয়ার এডমিরাল মোহাম্মদ মুসা মোংলা বন্দরের চেয়ারম্যান থাকাকালে তার সময়কালে অর্জিত সাফল্যসমূহ:**

- মোংলা বন্দর চ্যানেলের আউটার বারে ড্রেজিং- প্রকল্পটি বাস্তবায়নের ফলে মোংলা বন্দরের হারবারিয়া এলাকায় ১০ মিটার ড্রাফটের জাহাজ হ্যান্ডলিং করা সম্ভব হচ্ছে।

- ভেসেল ট্রাফিক ম্যানেজমেন্ট এন্ড ইনফরমশেন সিস্টেম (ভিটিএমআইএস) চালু করা হয়েছে- প্রকল্পটি বাস্তবায়নের ফলে মোংলা বন্দরে আগত ও নির্গত জাহাজ নিরাপদ পাইলটিং, চ্যানেলের নিরাপত্তার উপর পর্যবেক্ষণ, জাহাজের দুর্ঘটনার পরিস্থিতিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে সহায়তা, দুর্ঘটনাজনিত বিষয়ে তদন্তকরণ এবং প্রতিরোধকমূলক ব্যবস্থাগ্রহণসহ সমুদ্রগামী জাহাজসমূহের গতিবিধি মনিটরিং করা সম্ভব হচ্ছে।

- মোংলা বন্দরের জন্য অত্যাবশ্যকীয় সরঞ্জাম সংগ্রহ" – প্রকল্পটির অধীনে ৭৫টি বিভিন্ন ধরনের কন্টেইনার ও কার্গো হ্যান্ডলিং যন্ত্রপাতি সংগ্রহ করা হয়েছে। ফলে মোংলা বন্দরে কন্টেইনার ও কার্গো হ্যান্ডলিং কার্যক্রমে দক্ষতা বৃদ্ধি পেয়েছে।

- আপগ্রেডেশন অব মোংলা পোর্ট” শীর্ষক প্রকল্পের Project Management Consultant (PMC) নিয়োগে চুক্তি স্বাক্ষর সম্পন্নকরণ।

এছাড়া নিম্নবর্ণিত প্রকল্পসমূহ বাস্তবায়নাধীন আছে:

- মোংলা বন্দরে সারফেস ওয়াটার ট্রিটমেন্ট প্লান্ট স্থাপন
- মোংলা বন্দরের জন্য সহায়ক জলযান সংগ্রহ
- মোংলা বন্দরে আধুনিক বর্জ্য ও নিঃসৃত তেল অপসারণ ব্যবস্থাপনা।
- আপগ্রেডেশন অব মোংলা পোর্ট”
- পশুর চ্যানেলে ইনার বারে ড্রেজিং
- পিপিপি’র আওতায় মোংলা বন্দরের ২ টি জেটি নির্মাণ”

প্রকল্পগুলি বাস্তবায়িত হলে মোংলা বন্দরে ১০ মিটার ড্রাফটের জাহাজ হ্যান্ডেল করা সম্ভব হবে। ৬টি নতুন জেটি হবে, ২০০টির অধিক বিভিন্ন ধরনের হ্যান্ডলিং যন্ত্রপাতি সংগ্রহ করা হবে, ১৪টি বিভিন্ন ধরনের সহায়ক জলযান সংগ্রহ করা হবে, কন্টেইনার ডেলিভারি ইয়ার্ড, কন্টেইনার ইয়ার্ড, ৮ হতে ১০ হাজার গাড়ি ধারণ ক্ষমতা সম্পন্ন মাল্টি স্টোরিড কার ইয়ার্ড হবে, দৈনিক ৪ হাজার টন বিশুদ্ধ সুপেয় পানি সরবরাহ করা যাবে, পরিবেশ সম্মত বর্জ্য ব্যবস্থাপনা হবে, ট্রেনিং ইন্সটিটিউটসহ যাবতীয় কমিউনিটি সুবিধাদি সৃষ্টি হবে। এতে মোংলা বন্দরে প্রায় ৮ হতে ১০ লক্ষ টিইউজ কন্টেইনার হ্যান্ডলিং এর সক্ষমতা অর্জিত হবে। এতে বন্দরের নিজস্ব আয় বৃদ্ধি ও বাংলাদেশ অর্থনীতি সমৃদ্ধ হবে।

মোংলা বন্দর কর্তৃপক্ষের ২০১৮-১৯ হতে ২০২২-২৩ অর্থ বছর (জুলাই-ডিসেম্বর/২২) পর্যন্ত জাহাজ আগমন, কার্গো হ্যান্ডলিং, কন্টেইনার, গাড়ি আমদানি ও আয়ের হিসাব নিম্নরূপ:-

| ক্র. নং- | অর্থ বছর | জাহাজ আগমন | কার্গো হ্যান্ডলিং | কন্টেইনার (টিইইউজ) | গাড়ি আমদানি | মোট আয় (লক্ষ টাকা) |
|---|---|---|---|---|---|---|
| ০১ | ২০১৮-১৯ | ৯১২ | ১১৩.১৫ | ৫৭৭৩২ | ১২৬৯৫ | ৩২৯১২.১৩ |
| ০২ | ২০১৯-২০ | ৯০৩ | ১১০.৩৭ | ৫৯৪৭৬ | ১২২৯৩ | ৩৩৮১৯.০৮ |
| ০৩ | ২০২০-২১ | ৯৭০ | ১১৯.৪৫ | ৪৩৯৫৯ | ১৪,৪৭৪ | ৩৪৮৩৪.৫২ |
| ০৪ | ২০২১-২২ | ৮৮৬ | ১১৩.৯২ | ৩২২৬৯ | ২১,৪৮৪ | ৩১৭০৭.৭৮ |
| ০৫ | ২০২২-২৩ (ডিসেম্বর/২২) | ৪৪০ | ৫৫.৫৩ | ১২৮৫২ | ৯,২১৩ | ১৫৫১৯.৫৫ |

আর্তমানবতার সেবায় রিয়ার এডমিরাল মোহাম্মদ মুসা দুস্থ ও কর্মহীন মানুষের কল্যাণে এ পর্যন্ত ৮০ হাজারের অধিক পরিবারকে তিনি নৌবাহিনীর পক্ষ হতে আর্থিক সহায়তা পৌছে দেন। খুলনা, বাগেরহাট, পটুয়াখালী ও বরগুনা এলাকায় করোনা মহামারি দুর্যোগে প্রায় ৩০ লক্ষ টাকার মানবিক সহায়তা পৌছে দিয়েছেন ৪ হাজার অসহায় ও দুস্থ পরিবারকে। নিজের হাতে বিতরণ করেন খাদ্য, উপহার সামগ্রী ও আর্থিক সহায়তা এবং তিনি তার অধীনস্থ কর্মকর্তা ও কর্মচারীদের এ কাজে উদ্বুদ্ধ করেন। তিনি দায়িত্ব পালনের পাশাপাশি সংস্থা, বাহিনীর অধীনস্থ সদস্যবৃন্দ ও তাদের পরিবারের এবং এলাকার দুস্থ মানুষের পাশে থেকে বিভিন্ন কল্যাণমূলক কাজ করে থাকেন। সর্বোপরি একজন আদর্শ দেশপ্রেমিক, সফল সামরিক কর্মকর্তা, একজন যোগ্য প্রশাসক, নিঃস্বার্থ ও মানবিক মূল্যবোধ সম্পন্ন মানুষ রিয়ার এডমিরাল মোহাম্মদ মুসা।

স্বাক্ষরিত/-
মোঃ মাকরুজ্জামান
উপসচিব